শামস সুমন ব্যস্ততায় অষ্টপ্রহর

১৯৯৪ সাল। বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত ধারাবাহিক নাটক মফস্বল সংবাদ তখন জনপ্রিয়তার শীর্ষে। আলাদা আলাদা পর্বে সমাপ্ত এ নাটকের এক পর্বে দেখা গেল শান্ত মুখের এক তরুণকে। প্রথম নাটকেই দর্শকের মনোযোগ কেড়েছিলেন তিনি। সাদামাটা উপস্থিতি এবং আন্তরিক অভিব্যক্তি প্রথম থেকেই তাঁকে অন্য দশ জন অভিনেতা থেকে আলাদা ভাবমূর্তি দিয়েছে। দর্শকের কাছের একজনে পরিণত হয়েছেন তিনি। শামস সুমন। সংস্কৃতিমনা পরিবারে জন্ম উত্তরবঙ্গের ছেলে শামস সুমনের। বাবা সাংবাদিকতা করতেন স্থানীয় কাগজে। একই সঙ্গে রাজশাহী বেতারের অনুষ্ঠান প্রযোজক ছিলেন। মা ছিলেন বেতারের ঘোষিকা। মামাও বিভিন্ন ধরনের সাংস্কৃতিক কর্মকাণ্ডের সঙ্গে জড়িত ছিলেন। স্বাভাবিকভাবে সুমন বেড়ে উঠেছেন সাংস্কৃতিক পরিমণ্ডলে। ছোটবেলা থেকে রাজশাহী বেতারে নাটক করতেন। মঞ্চেও কাজ করেছেন নিয়মিত। রাজশাহী বেতারে কাজ করতে করতে যোগাযোগ হয় বাংলাদেশ টেলিভিশনের সঙ্গে। '৯৪ সাল থেকে টেলিভিশনে নিয়মিত অভিনয় করছেন। এ পর্যন্ত টিভি প্যাকেজ মিলিয়ে প্রায় চল্লিশের মতো নাটক করেছেন। টিভি নাটকের পরিচিত এবং প্রিয় মুখ শামস সুমনের সঙ্গে কথা হয় ঘরোয়া আড্ডায়–

০ বেশ কিছু দিন ধরে টেলিভিশনে আপনাকে দেখা যাচ্ছে না। কী কারণ?

০০ ব্যক্তিগত। বিয়ে করেছি গত অক্টোবরে।

০ স্ত্রী কী করেন? পরিচিত কেউ?

০০ পরিচিত কেউ নয়। দেশের বাইরে থাকত। আমার ভক্ত ছিল। আপাতত কিছু করছে না।

০ আপনার অভিনীত কোন নাটক টিভিতে শীঘ্র আসছে?

০০ হ্যাঁ, খালিদ মাহমুদ মিঠুর লেখা ও পরিচালনায় শ্রম পাচারের ওপর নাটক প্রচারিত হচ্ছে শীঘ্রই।

০ অভিনয় করেছেন কে কে?

০০ শ্রাবন্তী, হাসান, আমি, আরও অনেকে।

০ আপনার প্রতি দর্শকের যে প্রত্যাশা ছিল তা পূরণ করতে পেরেছেন বলে মনে হয়?

০০ এটা দর্শকরা ভাল বলতে পারবেন। সাধারণত এক ধরনের চরিত্রেই আপনাকে বেশি দেখা যায়। এর কারণ কী?

০০ আমি আসলে সাধারণভাবে নিজেকে উপস্থাপন করতে পছন্দ করি। পোশাক এবং সাজ-সজ্জার ব্যাপারেও সচেতন থাকায় চেষ্টা করি। যাতে দর্শক মনে করতে পারেন আমি তাদের কাছের একজন। হয়ত সে জন্য চরিত্রগুলোকে এক ধরনের মনে হয়।

০ কেন্দ্রীয় চরিত্রে আপনাকে প্রায় দেখাই যায় না। অথচ ও ধরনের চরিত্রে আপনাকে দেখার প্রত্যাশা দর্শকের ছিল।

০০ দর্শকের প্রত্যাশাকে আমি শ্রদ্ধা করি। তারা আমাকে ভালবাসেন এজন্য তাঁদের প্রতি আমি কৃতজ্ঞ। আসলে কেন্দ্রীয় চরিত্র, পার্শ্বচরিত্র এভাবে দেখা বোধহয় ঠিক নয়। চরিত্র চরিত্রই। নাটককে বিশ্বাসযোগ্য করে তুলতে সব চরিত্রই গুরুত্বপূর্ণ। তবে আমাদের দেশের অবস্থা একটু অন্য রকম। সোজা কথায়, কেন্দ্রীয় চরিত্র বা নায়কের ভাবমূর্তি গড়ে তুলতে হলে যেসব যোগ্যতা প্রয়োজন তা আমার নেই।

০ টিভি নাটকের মান সম্পর্কে অনেকেই সন্দেহ পোষণ করেন। একজন অভিনেতা হিসাবে আপনার বক্তব্য কী?

০০ এ ব্যাপারে আমার খানিকটা সমালোচনা আছে। যাঁরা বলেন, নাটকের মান খারাপ হচ্ছে তাঁরা বলেই খালাস। কিভাবে মানোন্নয়ন করা যায় সে ব্যাপারে পরামর্শ নেই। এত পত্রিকা বেরোচ্ছে, খেয়াল করে দেখবেন খুব কম পত্রিকাতেই টিভি সমালোচনা বেরোয়। সব কাজের সঠিক সমালোচনা থাকা দরকার। সমালোচনা না থাকলে বিকাশ হয় না। যিনি ভাল অভিনয় করছেন সবাই তাঁর পিঠ চাপড়ালে নিজের সম্পর্কে তাঁর কেবল উঁচু ধারণা হতে থাকে। ত্রুটি-বিচ্যুতিগুলো চোখে পড়ে না। কাজেই নিজেকে শোধরানোর সুযোগও থাকে না। শুধু ভাল হচ্ছে না বললে দায় এড়ানো যাবে না। কিভাবে ভাল করা যায় তার পথনির্দেশও থাকতে হবে। এ গেল এক দিক। অন্য দিকে আমাদের সীমাবদ্ধতাও রয়েছে প্রচুর। ভাল স্ক্রিপ্টের অভাব এর মধ্যে অন্যতম।

০ তাহলে স্বীকার করছেন?

০০ যা সত্যি তা স্বীকার করতেই হবে। টিভি হচ্ছে ড্রয়িং রুম মিডিয়া। পরিবারের সবাই এক সঙ্গে বসে টেলিভিশন দেখে। অথচ পারিবারিক সমস্যা নিয়ে নাটক নেই। মানুষের কথা, জীবনের কথা নাটকে প্রায় অনুপস্থিত। আমাদের দেশে নাটক এখন প্রোডাক্ট ওরিয়েন্টেড হয়ে পড়েছে।

০ নিজে লেখার কথা ভেবেছেন কখনও?

০০ হ্যাঁ, গল্প একটা ঠিক করে ফেলেছি। তবে স্ক্রিপ্ট হিসাবে এখনও দাঁড়ায়নি।

০ বিষয়বস্তু কি?

০০ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের আনন্দ-বেদনা স্মৃতি তর্পণের বিভিন্ন দিক।

০ সমালোচনার কথা বলছিলেন, আপনার অভিনয়ের সমালোচনা করি, পর্দায় মাঝে মাঝে আপনাকে খুব আত্মবিশ্বাসহীন মনে হয়। সমস্যা কোথায়?

০০ স্ক্রিপ্টে। কোন কোন স্ক্রিপ্টে এমন অনেক কিছু থাকে যার সঙ্গে আমি একমত হতে পারি না কিংবা আমি বিশ্বাস করি না। সে জন্য এমন হয়।

০ ও রকম স্ক্রিপ্ট প্রত্যাখ্যান করেন না কেন?

০০ আমি প্রত্যাখ্যান করলে নির্মাতারা অন্য কাউকে নেবেন। শুধু শুধু পর্দা থেকে হারিয়ে যাওয়ার ঝুঁকি বাড়ে।

০ অর্থাৎ দায় এড়িয়ে যাচ্ছেন।

০০ নিরুপায়।

০ আপনার সমসাময়িক পারফরমাররা কেমন কাজ করছেন, কার কার অভিনয় ভাল লাগে?

০০ অন্যের কাজের সমালোচনা করার যোগ্যতা আমার নেই। সবার কাছ থেকেই শেখার আছে। আমি শিখছি।

০ অনেকে বলেন, শমী-বিপাশার পর আর কোন নতুন মুখ আসছে না। শমী-বিপাশাও গ্লামারসর্বস্ব। আপনার অভিমত কী?

০০ দেখুন, আমি ইতিবাচক চিন্তা করতে পছন্দ করি। নতুন কেউ আসছে না এটা মানা যায় না। নতুনরা আসবেই। হয়ত সময়ের ব্যবধানে। আর শমী কায়সার, বিপাশা হায়াত গ্লামারসর্বস্ব এটা আমি বিশ্বাস করি না। অভিনয়ের জন্য তারা যথেষ্ট পরিশ্রম করেন।

০ এ প্রজন্মের কেউ আপনাকে অনুপ্রাণিত করেছে?

০০ হ্যাঁ, অনেকের অভিনয় দেখে আমি অনুপ্রাণিত হয়েছি।

০ আপনাদের আগের প্রজন্মের পারফরমাররা অভিনয়ের প্রতি নিবেদিতপ্রাণ ছিলেন; এ প্রজন্মের পারফরমারদের মধ্যে যা প্রায় অনুপস্থিত। কী বলবেন?

০০ আগের প্রজন্মের অভিনেতা-অভিনেত্রীরা ভাল করতেন তা ঠিক। তাঁদের প্রতি শ্রদ্ধা রেখেই বলছি, এ প্রজন্মের অভিনেতা-অভিনেত্রীরাও খারাপ করছেন না আসলে তখন তুলনা হত সীমিত পরিসরে। এখন পরিসর বেড়েছে। প্রতিদিন অসংখ্য চ্যানেল দেখছে মানুষ। তুলনা করছে অন্য সব চ্যানেলের পারফরমারদের সঙ্গে। তা ছাড়া সংখ্যার দিক থেকে আগের চেয়ে অনেক বেশি নাটক হচ্ছে, আমার মনে হয় এসব কারণে ভাল-মন্দ যাচাই করার ক্ষমতা আগের চেয়ে বেড়েছে।

০ প্যাকেজ নাটক সম্পর্কে আপনার মূল্যায়ন কী?

০০ আগের চেয়ে অনেক ভাল মানের কাজ হচ্ছে। তরুণ একটা গ্রুপ বেরিয়ে আসছে। যাঁদের শিল্পবোধ উন্নত। নির্মাণশৈলী অসাধারণ। অদূর ভবিষ্যতে প্যাকেজের মান আরও ভাল হবে বলে আমার মনে হয়।

০ নাটক ছাড়া আর কী করছেন?

০০ ছায়া নামে একটা ম্যাগাজিন অনুষ্ঠান উপস্থাপন করছি।

০ পাশের দেশ ভারতে দেখা যায় একজন অভিনেতা বা অভিনেত্রী সারা জীবন অভিনয় করে যান। অভিনয় করতে করতেই তাঁরা মারা যান। আমাদের দেশে এটা কম। কেন?

০০ আমাদের দেশে কম হলেও অনেকে আছেন যাঁরা সারা জীবন ধরে অভিনয় করে যাচ্ছেন। তবে বয়সের সঙ্গে সঙ্গে পরিবর্তিত চরিত্রের সঙ্গে খাপ খাইয়ে নেয়ার মানসিকতা আমাদের দেশে কম। এখনও ধারণা রয়েছে, নায়ক বা নায়িকা হওয়ার বয়স পেরিয়ে গেলে অভিনয় থেকে অব্যাহতি নিতে হবে। এ মানসিকতার পরিবর্তন হচ্ছে, আরও হবে।

০ নাটক নিয়ে আপনার পরিকল্পনা কী?

০০ অনেক পরিকল্পনা আছে সিনিয়র নাট্য ব্যক্তিত্ব, মিডিয়া পারসন এবং নাটক বিষয়ে অভিজ্ঞ বিভিন্ন ব্যক্তিত্বকে দিয়ে তরুণদের প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করার ইচ্ছা আছে। শিল্পীদের আবাসন সমস্যা নিয়ে কাজ করার ইচ্ছা আছে। আর নাটকে কাজ করা মানে তো শুধু অভিনয় নয়, ক্যামেরায় পিছনে আরও বহু কাজ রয়েছে। আমি ক্যামেরার পিছনেও কাজ করতে চাই। সেভাবেই নিজেকে তৈরি করার চেষ্টা করছি।

০ নাটককে পেশা হিসাবে নিতে চান?

০০ পেশা হিসাবে নেয়ার অবস্থা এখনও তৈরি হয়নি। সেকেন্ডারি জব হিসাবে নিতে চাই।

মিলু শামস